

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৪০

পানিসাগর, ২০ নভেম্বর, ২০২৩

দামছড়া ব্লকভিত্তিক যুব উৎসব

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং দামছড়া ব্লকের যৌথ উদ্যোগে সম্পত্তি দামছড়া ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। দামছড়া কমিউনিটি হলে আয়োজিত উৎসবের উদ্বোধন করেন দামছড়া ব্লক এডভাইজারি কমিটির চেয়ারম্যান উপেন্দ্র রিয়াৎ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দামছড়া বিএস'র ভাইস চেয়ারম্যান দুষাস্ত রিয়াৎ, দামছড়া দ্বাদশমান বিদ্যালয়ের অধ্যক্ষ হেমেন্দ্র দেববর্মা, দামছড়া বিদ্যালয় পরিদর্শক সুজিৎ দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে উদ্বোধক সহ অন্যান্য অতিথিগণ যুব উৎসবের গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। স্বাগত ভাষণ দেন দামছড়া ব্লকের অতিরিক্ত সমষ্টি উন্নয়ন আধিকারিক অর্জুন চন্দ্র দেবনাথ। যুব উৎসবে ব্লক এলাকার ৭০ জন শিল্পী লোকন্ত্য, লোকসংগীত, কৃষি পণ্য ইত্যাদি বিভিন্ন বিভাগে প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।
